দৈনিক ইনকিলাব

তারিখ 18 DEC 1988
পৃষ্ঠা 5 কলাম 7

ডকুমেন্টেশন কেন্দ্র

158

## বিটিভিতে নারী শিক্ষা বিষয়ক অনুষ্ঠান

আমাদের আর্থ-সামাজিক উন্নয়নের পরিপ্রেক্ষিতে নারী শিক্ষার গুরুত্ব অপরিসীম। কিন্তু বিভিন্ন প্রতিকূল সামাজিক পরিবেশের কারণে আমাদের দেশে নারী শিক্ষার হার আশংকাজনক কম। নারী শিক্ষার উন্নয়নে আমাদের জাতীয় প্রচার মাধ্যমগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। উপযুকতখসময়ে আকর্ষণীয় ও বাস্তবমুখী "নারী শিক্ষা" বিষয়ক অনুষ্ঠান প্রচার করার জন্য বিটিভি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

—ফারহানা ইসলাম জয়া,
স্যার ইকবাল রোড,
বাইতীপাড়া, খুলনা-৯০০০।

## মেডিকেলে ভর্তির বিজ্ঞপ্তি প্রসঙ্গে

মেডিকেল কলেজসমূহে ভর্তির জন্য এবার যে বিজ্ঞপ্তি দেয়া হয়েছে তার শর্ত অনুযায়ী যারা ১৯৮৪ ও ১৯৮৫ সনে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং ১৯৮৬ ও ১৯৮৭ সনে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের আবেদন গ্রহণযোগ্য হবে। তবে অনিয়মের কারণে এসএসসি'র মোট নম্বর হতে প্রতি বছরের জন্য ২৫ নম্বর বাদ দেয়া হবে। সে ক্ষেত্রে শর্তানুযায়ী আমার মোট নম্বর বাদ পড়ে ২৫+২৫=৫০। এই ৫০ নম্বর বাদ পড়ার পরে আমার মোট নম্বর থাকে ১২১৪। কিন্তু অতি দুঃখের বিষয় যে, আমি যখন আমার আবেদনপত্র সলিমুল্লাহ্ মেডিকেল কলেজে পেশ করতে যাই। তখন দেখা যায় যে,, তারা আমার মোট নম্বর হতে ১০০ নম্বর কর্তন করছেন। এমতাবস্থায় আমি উক্ত বিষয়টির উপর যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি এবং বিজ্ঞপ্তি অনুযায়ী আমাকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়ার আবেদন জানাচ্ছি।

—শাহেদ আহামেদ,
৫/১, চিত্তরঞ্জন এভিনিউ,
ঢাকা-১।